মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদকের উদ্যোগে ফ্রি মেডিকেল ক্যাম্প



শনিবার (৬ সেপ্টেম্বর) সকাল ১০টায় শুরু হয়ে দিনব্যাপী মেহেরপুরের রায়পুর সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ ফ্রি মেডিকেল ক্যাম্পের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান উপস্থিত থেকে এ কর্মসূচির উদ্বোধন করেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক সৌরভ হোসেন, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা।

এছাড়াও এসময় শহীদ জিয়া স্মৃতি সংসদ কেন্দ্রীয় কমিটির আইন বিষয়ক সম্পাদক মাহমুদুল হাসান মিলন, জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য ইলিয়াস হোসেন, এ কে এম খাইরুল বাশার, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, সদর উপজেলা বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম রিপন প্রমুখ উপস্থিত ছিলেন।

স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে আয়োজিত এই ক্যাম্পে শতাধিক মানুষ বিনামূল্যে চিকিৎসা সেবা ও ওষুধ গ্রহণ করেন। আয়োজকরা জানান, অসহায় ও দরিদ্র মানুষের পাশে দাঁড়াতেই এ ধরনের উদ্যোগ নেওয়া হয়েছে এবং ভবিষ্যতেও এ কার্যক্রম অব্যাহত থাকবে।

[redacted]

[redacted]